গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)
www.sesip.gov.bd

স্মারক নং- মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৩১১/ টিসিজি (পার্ট-১)/২০১৭/১৪৯৪ তারিখঃ ০৮.০২.২০১৮ খ্রি.

বিষয়: সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকা বিষয়ক ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকা বিষয়ক ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ সংযুক্ত সূচি (সংলগ্নি 'ক') অনুসারে প্রতিটি জেলার জেলা সদরে অনুষ্ঠিত হবে। জেলা শিক্ষা অফিসার কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন।

২। কর্মসূচি সঠিকভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে:

ক. বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি জেলা সদরে জেলা শিক্ষা অফিসের তত্ত্বাবধানে আয়োজিত হবে। প্রোগ্রাম সমন্বয়ক হিসাবে জেলা শিক্ষা অফিসারের সাথে সংশ্লিষ্ট ভেন্যু প্রধান, ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটর এবং জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত সেসিপের একজন কর্মকর্তা প্রতিদিন সম্মিলিতভাবে প্রোগ্রাম আয়োজনের দায়িত্ব পালন করবেন।

খ. আনুমানিক ৪০ জন অংশগ্রহণকারীর জন্য একটি কক্ষের ব্যবস্থা করতে হবে। বাংলা, ইংরেজী, বাংলাদেশ ও বিশ্বপরিচয়,গণিত ও বিজ্ঞান বিষয়ের জন্য ১ টি করে কক্ষের ব্যবস্থা করতে হবে। প্রতিটি ভেন্যুতে কর্মসূচি পরিচালনার জন্য একটি পৃথক নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে।

গ. পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বিষয়ের (বাংলা, ইংরেজী, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, গণিত, বিজ্ঞান) শিক্ষকগণ এ প্রশিক্ষনের আওতায় আসবেন। একজন শিক্ষক বর্ণিত বিষয়সমূহের শুধুমাত্র একটি বিষয়ে এবং একবারই এ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন । প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র ছাড়া কোন শিক্ষক কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন না।

ঘ. কর্মসূচির জন্য যথাসম্ভব ০১টি ভেন্যু নির্বাচন করতে হবে। ভেন্যু নির্বাচনে পর্যাপ্ত আলো বাতাস, প্রক্ষালন ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা ও লজিস্টিক সুবিধাকে প্রাধান্য দিতে হবে।

ঙ. কর্মসূচি প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত চলবে (দুপুরের নামাজ ও খাবারের জন্য ১ ঘন্টা বিরতি থাকবে, শুক্রবার মধ্যাহ্ন বিরতি ০১:০০ থেকে ২:৩০ পর্যন্ত হবে এবং কর্মসূচি বিকাল ৫:০০টার পরিবর্তে ৫:৩০ মিনিটে শেষ হবে)। তবে দুপুরের নামাজের জন্য ৩০ মিনিট এবং জুম্মার নামাজের জন্য ১ ঘন্টা বিরতি থাকবে।)

চ. মাস্টার ট্রেইনারগণ ম্যানুয়ালের সকল বিষয়বস্তু ৬ দিনের মধ্যে সম্পন্ন করবেন। **কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষকগণকে সংশ্লিষ্ট বিষয়ের পাঠ্যপুস্তক সঙ্গে আনার নির্দেশনা প্রদান করতে হবে।**

ছ. কর্মসূচির ১ম দিনে দুপুর ১২ টার মধ্যে আবশ্যিকভাবে অংশগ্রহণকারী শিক্ষকদের বিষয়ভিত্তিক সংখ্যা (মহিলা ও পুরুষ বিভাজনসহ) এবং হাজিরা সিটের স্ক্যানড কপি জাতীয় পরিচয়পত্রের নম্বরসহ ই-মেইলে spsu.training2017@gmail.com প্রেরণ করতে হবে।

**জ. প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষকদের (মহিলা ও পুরুষ বিভাজনসহ) একটি ডাটাবেজ (Excel সিটে মোবাইল নাম্বারসহ ইংরেজিতে) তৈরি করে কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) দিনের মধ্যে spsu.training2017@gmail.com ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে। একইসাথে তা মাউশি'র EMIS এর Training Management Module এ Upload করতে হবে। প্রশিক্ষণ কর্মসূচির স্থিরচিত্র ধারণ করে কয়েকটি কপি প্রশিক্ষণার্থীদের তালিকার সাথে প্রেরণ করতে হবে।**

ঝ. প্রশিক্ষণ কর্মসূচিতে সংশ্লিষ্ট শিক্ষক/প্রশিক্ষক/কর্মকর্তাবৃন্দ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাজেট (সংলগ্নি 'খ') অনুসারে ভাতাদি প্রাপ্য হবেন ।

ঞ. প্রশিক্ষণ কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে খাতভিত্তিক সংক্ষিপ্ত ব্যয় বিবরণী **(Summary Expenditure Statement)** সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে প্রাপ্ত সমন্বয় আদেশের কপিসহ যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে। সমস্ত ব্যয় ভাউচারের কপি নিরীক্ষা কার্যক্রমের জন্য সংরক্ষণ করতে হবে।

ট. দুপুরের খাবারের পরিবর্তে নির্ধারিত ভাতা (নগদ অর্থ) প্রদান করতে হবে। সকালে নাস্তা ও বিকালের চা-এর ব্যবস্থা করতে হবে।

৩। প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার পর উত্তোলিত অগ্রিম দ্রুততার সাথে বিধি মোতাবেক সমন্বয় করতে হবে।

৪। বর্ণিত কর্মসূচির মাস্টার ট্রেইনারগণের তালিকা ১১.০২.২০১৮ তারিখ প্রেরণ করা হবে। জেলা শিক্ষা অফিসারগণ তালিকাভূক্ত মাস্টার ট্রেইনারগণের সাথে যোগাযোগের মাধ্যমে কর্মসূচিতে তাঁদের উপস্থিতি নিশ্চিত করবেন। অনিবার্য কারণে নির্বাচিত কোন মাস্টার ট্রেইনার কর্মসূচিতে অংশগ্রহণে অপারগ হলে রিজার্ভ হিসেবে তালিকাভূক্ত মাস্টার ট্রেইনারের সাথে যোগাযোগ করবেন। উল্লেখ্য যে, প্রধান প্রশিক্ষককে সার্বক্ষণিক ভেন্যুতে উপস্থিত থেকে অন্যান্য প্রশিক্ষককে সহায়তা প্রদান এবং অবশ্যই প্রতিদিন নূন্যতম ০১ টি সেশন (যেকোন একটি কক্ষে) পরিচালনা করতে হবে।

৫। উক্ত কর্মসূচি সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে ড. মোঃ মোরশীদুল হাসান, সহকারী পরিচালক (প্রোগ্রাম-২), টেলিফোন: ৯৫৫৫০০৭ অথবা মোহাম্মদ সাজ্জাদ হোসেন, প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২), টেলিফোন: ৯৫৭৩৮৪৩, এসপিএসইউ, সেসিপ এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

(মোঃ আবু ছাইদ শেখ)
অতিরিক্ত সচিব
যুগ্ম-প্রোগ্রাম পরিচালক
টেলিফোন: ৯৫৫৩৭১২

জেলা শিক্ষা অফিসার
ফরিদপুর, কিশোরগঞ্জ, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ, রাজবাড়ী ও শরীয়তপুর জেলা

স্মারক নং- মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৩১১/ টিসিজি (পার্ট-১)/২০১৭/১৪৯৪ তারিখঃ ০৮.০২.২০১৮ খ্রি.
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ- অতিরিক্ত সচিব (উন্নয়ন)]।
২. এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
৩. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. যুগ্মসচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৬. সদস্য (কারিকুলাম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৭. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাউশি (সকল)।
৯. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. জেলা প্রশাসক, ----------------------------------(কর্মসূচি আয়োজনে সহযোগিতার অনুরোধসহ)।
১১. উপ-পরিচালক (সকল), সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
১২. অধ্যক্ষ ------------------------------ (কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১৩. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), এসপিএসইউ, সেসিপ (www.sesip.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. প্রধান শিক্ষক------------------------- (কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১৫. সুপার-------------------------------- (কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১৬. জনাব -------------------------(নির্ধারিত তারিখে যথাসময়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনের অনুরোধসহ)।
১৭. সংরক্ষণ নথি।

Sajjad Hossain
08.02.2018

(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
সহকারী অধ্যাপক
প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২)
টেলিফোন: ৯৫৭৩৮৪৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)

সং.লগ্নি 'ক'

## 6 days TCG training (district wise): From 15 February 2018

| * | SI | VENUE | Batch-1: 15-20 Feb 2018 (বাংলা, ইংরেজি, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, গণিত, বিজ্ঞান) | | | Batch-2: 22-27 Feb 2018 (বাংলা, ইংরেজি, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, গণিত, বিজ্ঞান) | | | Batch-3: 28Feb- 05Mar'18 (বাংলা, ইংরেজি, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, গণিত, বিজ্ঞান) | | | Batch-4: 06-11 Mar 2018 (বাংলা, ইংরেজি, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, গণিত, বিজ্ঞান) | | | Batch-5: 12-17 Mar 2018 (বাংলা, ইংরেজি, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, গণিত, বিজ্ঞান) | | | TOTAL | | | Remarks/ Program |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| > | | | NT | R | MT | NT | R | MT | NT | R | MT | NT | R | MT | NT | R | MT | NT | R+1 | MT+1 | |
| > | 16 | FARIDPUR | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | | | | 900 | 21 | 41 | 4 |
| > | 29 | KISHOREGONJ | 250 | 5 | 10 | 250 | 5 | 10 | | | | | | | | | | 500 | 11 | 21 | 2 |
| > | 39 | MUNSHIGANJ | 210 | 5 | 10 | 210 | 5 | 10 | 210 | 5 | 10 | 210 | 5 | 10 | 210 | 5 | 10 | 1050 | 26 | 51 | 5 |
| > | 40 | MYMENSINGH | 390 | 10 | 20 | 390 | 10 | 20 | 390 | 10 | 20 | 380 | 10 | 20 | | | | 1550 | 41 | 81 | 4 |
| > | 53 | RAJBARI | 250 | 5 | 10 | 250 | 5 | 10 | | | | | | | | | | 500 | 11 | 21 | 2 |
| > | 58 | SHARIATPUR | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | | | | 900 | 21 | 41 | 4 |
| > | T | Total | 1550 | 35 | 70 | 1550 | 35 | 70 | 1050 | 25 | 50 | 1040 | 25 | 50 | 210 | 5 | 10 | 5400 | 131 | 256 | 21 |
| > | | Batch/Districwise | | 6 | | | 6 | | | 4 | | | 4 | | | 1 | | | | | |
| > | | | | | | | | | | | | | | | | | | | | | |

| > | B | NT | Dis | |
|---|---|---|---|---|
| > | 1 | 1550 | 6 | |
| > | 2 | 1550 | 6 | |
| > | 3 | 1050 | 4 | |
| > | 4 | 1040 | 4 | |
| > | 5 | 210 | 1 | |
| > | T | 5400 | 21 | |

ব্যাচভিত্তিক ৫ রুমের জন্য বাংলা-১, ইংরেজি-১, বাংলাদেশ ও বিশ্বপরিচয়-১, গণিত-১, বিজ্ঞান-১ রুম
ব্যাচভিত্তিক ৮ রুমের জন্য বাংলা-২, ইংরেজি-২, বাংলাদেশ ও বিশ্বপরিচয়-২, গণিত-১, বিজ্ঞান-১ রুম
ব্যাচভিত্তিক ১০ রুমের জন্য বাংলা-২, ইংরেজি-২, বাংলাদেশ ও বিশ্বপরিচয়-২, গণিত-২, বিজ্ঞান-২ রুম

NT- Net Trainee/Teacher, M- Master Trainer, MT- Master Trainer

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
**মাধ্যমিকওউচ্চশিক্ষাবিভাগ**
শিক্ষামন্ত্রণালয়
উন্নয়ন-১ অধিশাখা
www.shed.gov.bd

নং-৩৭.০২.০০০০.০৮৩.২০.০১৪.১৪ (খন্ড-১)-**৫৩১**

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৪ / ২৯ নভেম্বর ২০১৭

**প্রেরক: সাঈদ মাহবুব খান**
উপসচিব (উন্নয়ন-১)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

**প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা**
শিক্ষা মন্ত্রণালয়
৪৫, পুরানা পল্টন, ঢাকা।

**বিষয়: সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় 'শিক্ষক-শিক্ষাক্রম নির্দেশিকা' বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচির বাজেট অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: সেসিপ এর পত্রনং মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৩০৯/প্রশিক্ষণ/২০১৭/১১২৭, তারিখ: ১৩/১১/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর প্রস্তাবের আলোকে নিম্নোক্ত শর্তে 'শিক্ষক-শিক্ষাক্রমনির্দেশিকা' প্রশিক্ষণ কর্মসূচির ৬৬,৫৫,৭৯,৫২০/- (ছেষট্টি কোটি পঞ্চান্ন লক্ষ উনআশি হাজার পাঁচশত বিশ) টাকার বাজেট নিম্নোক্ত বিভাজন অনুযায়ী নির্দেশক্রমে অনুমোদন করা হলো:

আয়োজক: ৬৪টি জেলা শিক্ষা অফিস। মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা: ৭৬,৮০০
ব্যাচ সংখ্যা: ৩৮৪ (৬৪ X ৬)। প্রতি ব্যাচে দিনের সংখ্যা: ০৬।
প্রতি ব্যাচে কক্ষ সংখ্যা: ০৫। প্রতি কক্ষে প্রশিক্ষণার্থীর সংখ্যা: ৪০।
প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর সংখ্যা: ২০০ (৫ X ৪০)।

| ক্রমিক | ব্যয় খাত | একক | পরিমাণ | একক হার | মোট ব্যয় |
|---|---|---|---|---|---|
| ১.০ | সম্মানী/রিমুনারেশন/দৈনিক-ভাতা/ভ্রমণ-ভাতা | | | | |
| ১.১ | প্রোগ্রাম সমন্বয়কের সম্মানী[১] | জন/দিন | ৪,৬০৮ | ১,২০০ | ৫,৫২৯,৬০০ |
| ১.২ | মাস্টার ট্রেইনারগণের সম্মানী (৩৮৪*২*৫*৬+৩৮৪*১*৬)[২] | জন/দিন | ২৫,৩৪৪ | ১,০০০ | ২৫,৩৪৪,০০০ |
| ১.৩ | প্রশিক্ষণার্থীগণের সম্মানী (৭৬৮০০*৬) | জন/দিন | ৪৬০,৮০০ | ৭০০ | ৩২২,৫৬০,০০০ |
| ১.৪ | মাস্টার ট্রেইনারগণের ভ্রমণ-ভাতা (রিটার্ন ট্রিপ)[৩] (৩৮৪*১১) | জন | ৪২২৪ | ১,৫০০ | ৬,৩৩৬,০০০ |
| ১.৫ | প্রশিক্ষণার্থীগণের ভ্রমণ-ভাতা (রিটার্ন ট্রিপ) | জন | ৭৬,৮০০ | ৮০০ | ৬১,৪৪০,০০০ |
| ১.৬ | প্রশিক্ষণার্থী ও মাস্টার ট্রেইনারগণের স্থানীয় যাতায়াত ভাতা (৪৬০৮০০+২৫৩৪৪) | জন/দিন | ৪৮৬,১৪৪ | ১০০ | ৪৮,৬১৪,৪০০ |
| ১.৭ | ওয়ার্ড প্রসেসরদের ভাতা (৩৮৪*৬)[৪] | জন/দিন | ২৩০৪ | ৪০০ | ৯২১,৬০০ |
| ১.৮ | সাপোর্ট সার্ভিসের ভাতা (৩৮৪*৩*৬)[৫] | জন/দিন | ৬৯১২ | ৩০০ | ২,০৭৩,৬০০ |
| ২.০ | কর্মসূচি ব্যয় | | | | |
| ২.১ | প্রশিক্ষণ কক্ষ ব্যবস্থাপনা (কক্ষ পরিচ্ছন্নতা, প্রশিক্ষণার্থীগণের জন্য খাবার পানি, টিস্যু বক্স ইত্যাদি) (৩৮৪*৫*৬) | কক্ষ/দিন | ১১,৫২০ | ১০০ | ১,১৫২,০০০ |
| ২.২ | প্রশিক্ষণকালীন লাঞ্চ (প্রশিক্ষণার্থী ৪৬০৮০০ + মাস্টার ট্রেইনার ২৫৩৪৪ + প্রোগ্রাম সমন্বয়ক ৯২১৬ + ওয়ার্ড প্রসেসর ২৩০৪ + সাপোর্ট সার্ভিস ৬৯১২) | জন/দিন | ৫০৪,৫৭৬ | ২৫০ | ১২৬,১৪৪,০০০ |
| ২.৩ | প্রশিক্ষণকালীন সকাল ও বিকালের নাস্তা | জন/দিন | ৫০৪,৫৭৬ | ১০০ | ৫০,৪৫৭,৬০০ |
| ২.৪ | প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক ও প্রোগ্রাম সমন্বয়কের ফোল্ডার, প্যাড, কলম ইত্যাদি (৭৬৮০০+৪২২৪+৭৬৮)[৬] | জন/দিন | ৮১,৭৯২ | ১৬০ | ১৩,০৮৬,৭২০ |
| ২.৫ | প্রশিক্ষণ সামগ্রী (পোস্টার পেপার, মার্কার, ফ্লীপচার্ট) (৩৮৪*৫)[৭] | প্রোগ্রাম/কক্ষ | ১৯২০ | ২০০ | ৩৮৪,০০০ |

চলমান পৃষ্ঠা নং-২

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২.৬ | জেলা শিক্ষা অফিসে প্রতি ব্যাচে বিভিন্ন ব্যয় (প্রশিক্ষণার্থীগণকে পত্র প্রেরণ, যোগাযোগ ইত্যাদি) | প্রতি ব্যাচ | ৩৮৪ | ১,০০০ | ৩৮৪,০০০ |
| ২.৭ | বিবিধ ও কনটিনজেন্সি | প্রতি ব্যাচ | ৩৮৪ | ৩,০০০ | ১,১৫২,০০০ |
| | | | | মোট: | ৬৬৫,৫৭৯,৫২০ |

(কথায়: টাকা ছেষট্টি কোটি পঞ্চান্ন লক্ষ উনআশি হাজার পাঁচশত বিশ মাত্র)

১ বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি ৬৪টি জেলা সদরে জেলা শিক্ষা অফিসের তত্ত্বাবধানে আয়োজিত হবে। প্রোগ্রাম সমন্বয়ক হিসাবে জেলা শিক্ষা অফিসারের সাথে সংশ্লিষ্ট ভেন্যু প্রধান, ডিস্ট্রিক ট্রেনিং কো-অর্ডিনেটর এবং জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত সেসিপের একজন কর্মকর্তা প্রতিদিন কাজ করবেন। প্রোগ্রাম সমন্বয়ক হিসেবে জেলা শিক্ষা অফিসার প্রতিদিনের জন্য এবং অন্যান্য সমন্বয়কগণ দুই দিন করে সম্মানী প্রাপ্য হবেন, তবে তারা সম্মিলিতভাবে প্রতিদিন প্রোগ্রাম আয়োজকের দায়িত্ব পালন করবেন।

২ প্রতিটি ভেন্যুতে ১জন করে মাস্টার ট্রেইনার প্রধান প্রশিক্ষক এবং প্রতিটি কক্ষে প্রতিদিন ২ জন করে মাস্টার ট্রেইনার প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন। প্রধান প্রশিক্ষক প্রতিটি ভেন্যুতে মাস্টার ট্রেইনারদের কাজের সমন্বয়সাধন, প্রশিক্ষণ কর্মসূচি তত্ত্বাবধান ও মান নিয়ন্ত্রণের জন্য দায়িত্ব পালন করবেন।

৩ প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীগণ সংশোধিত প্রোগ্রাম দলিলে (আরডিপিপি) অনুমোদিত হার অনুসারে ভ্রমণভাতা প্রাপ্য হবেন। অর্থাৎ প্রশিক্ষণার্থী ও মাস্টার ট্রেইনারগণ সংশ্লিষ্ট জেলার মধ্য থেকে কিন্তু প্রশিক্ষণ ভেন্যু থেকে ৮ কিলোমিটার ব্যাসার্ধের বাইরে থেকে আগত হলে ৮০০/- টাকা, জেলার বাইরে কিন্তু অনূর্ধ্ব ১২০ কিমি. ব্যাসার্ধ থেকে আগত হলে ১,৫০০/- টাকা, ১২১ থেকে অনূর্ধ্ব ২০০ কিমি. ব্যাসার্ধ থেকে আগত হলে ২,০০০/- টাকা, ২০১ থেকে অনূর্ধ্ব ৩০০ কিমি. ব্যাসার্ধ থেকে আগত হলে ৩,০০০/- টাকা এবং ৩০১ কিমি. ব্যাসার্ধ -এর বেশি দূরত্ব থেকে আগত হলে ৩,৫০০/- টাকা।

৪ প্রতিটি ব্যাচে একজন ওয়ার্ড প্রসেসর দায়িত্ব পালন করবেন এবং প্রশিক্ষণার্থীগণের ডাটাবেস তৈরি করবেন।

৫ প্রতি ব্যাচের জন্য তিনজন সাপোর্ট সার্ভিস ব্যবহার করা যাবে।

৬ ফোল্ডার, প্যাড ও কলম সরকারি ক্রয় নীতিমালা অনুসরণ করে সংগ্রহ করতে হবে।

৭ প্রশিক্ষণ সামগ্রী সরকারি ক্রয় নীতিমালা অনুসরণ করে সংগ্রহ করতে হবে।

৮ কর্মসূচি সমন্বয় ও ব্যবস্থাপনা, উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের ব্যয় এবং শিক্ষা মন্ত্রণালয়, মাউশি অধিদপ্তর, এসপিএসইউ, এনসিটিবি, শিক্ষা বোর্ড, সহযোগী প্রকল্প ইত্যাদি দপ্তরের কর্মকর্তাগণের মনিটরিং ভিজিট এর সম্মানী এ খাত হতে প্রদান করা হবে [পরিচালক / সমমর্যাদা=২,০০০/- উপপরিচালক / সমমর্যাদা= ১,৫০০/-, উপপরিচালকের নিম্ন পদমর্যাদার কর্মকর্তা =১,০০০/-]।

২। শর্তসমূহ:

(ক) এ অর্থ ব্যয়ে সরকারি সকল বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে;
(খ) প্রশিক্ষণ শেষে ব্যয় বিবরণী যথাসময়ে এ বিভাগে দাখিল করতে হবে;
(গ) বর্ণিত বিষয়ে ভবিষ্যতে কোন ধরণের অনিয়ম উদঘাটিত হলে এজন্য ব্যয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
(ঘ) প্রকল্প কর্তৃপক্ষ প্রশিক্ষণের ভেন্যু, তারিখ ও সময়সহ বিস্তারিত কর্মসূচি প্রশিক্ষণ শুরুর পূর্বেই মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

(সাঈদ মাহবুব খান)
উপসচিব (উন্নয়ন-১)
ফোন ৯৫৬৪৫৫২
e-mail: sas_dev1@moedu.gov.bd

অনুলিপি:

১। প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা-১০০০।
২। যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ), শিক্ষা ভবন, ঢাকা।
৩। অফিস কপি।



C:\My Documents\TIN.xls 4